



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

সংশোধিত

স্মারক নং-৮৪৬

তারিখ: ১০/০২/২০১৬

বিষয়: এসএসসি পরীক্ষা ২০১৬ এর শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষা ২০১৬ এর অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থী এবং ২০১৫ সালের অনিয়মিত পরীক্ষার্থীদের শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা এনসিটিবি এর নির্দেশনা অনুসারে স্ব স্ব প্রতিষ্ঠান সম্পন্ন করে প্রাপ্ত নম্বার প্রতিষ্ঠান প্রধান সংরক্ষণ করবেন। প্রবেশপত্র পাওয়ার পর পরীক্ষার্থীদের রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর এর বিপরীতে ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর লিপিবদ্ধ করার পর ০৩ কপি প্রস্তুত করতে হবে, প্রতিষ্ঠান প্রধান ০১ কপি সংরক্ষণ করবেন। সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের নিকট গালাসীলযুক্ত খামে ০২ কপি প্রেরণ করবেন। তত্ত্বায় পরীক্ষা শেষে কেন্দ্র সচিব অন্যান্য বিষয়ের ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর এর সাথে বর্ণিত বিষয়ের প্রাপ্ত নম্বর বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে বোর্ডে প্রেরণ করবেন। কেন্দ্র সচিব তাঁর কেন্দ্রে অংশগ্রহণকৃত সকল পরীক্ষার্থীর ব্যবহারিক নম্বর পত্রের ১ সেট হার্ডকপি হাতে হাতে বোর্ডের মাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিবেন।

বিশ্বাস: শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের হাজিরা পত্র অন্যান্য ব্যবহারিক বিষয়ের হাজিরা পত্রের সঙ্গে বোর্ডে জমা দিতে হবে।

২৫

ড. শ্রীকান্ত কুমার চন্দ

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন- ৯৬৬৯৮১৫